

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ঢাকা সেনানিবাস
www.dmlc.gov.bd

স্মারক নং- ২৩.২২.০০০০.০১১.০৮.১৭৪.২০২০ - ০০২ ০

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৪ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: পবিত্র হজ পালনের জন্য সৌদি আরব গমনের নিমিত্ত বহির্বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুরকরণ।


সূত্র: সিইও, ঢাকা সেনানিবাসের স্মারক নং-২৩.২২.৭০০১.০১১.০২.০০১.৯০.০৩৫-৬৪১, তারিখ: ০২-০৪-২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ, ঢাকা সেনানিবাসের খাদেম জনাব মোঃ আব্দুর রহমান-কে পবিত্র হজ পালনের নিমিত্ত সৌদি আরব গমনের অনুমতিসহ তাঁর অনুকূলে ১২-০৫-২০২৪ হতে ২৪-০৬-২০২৪ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ৪০ (চল্লিশ) দিন পূর্ণগড় বেতনে বহির্বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো:

শর্তাবলীঃ

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকার/এ অধিদপ্তর/ক্যান্টনমেন্ট বোর্ডের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) ছুটিকালীন সময়ে তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন;
- (গ) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার বর্ণিত কর্মচারী ব্যক্তিগত আয়ের উৎস থেকে বহন করবেন;
- (ঘ) মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবেনা এবং ছুটি বর্ধিত করণের আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) ছুটি শেষে বর্ণিত কর্মচারী নিজ কর্মস্থলে যোগদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত করবেন;
- (চ) বর্ণিত কর্মচারীর সার্ভিস বুক উক্ত ছুটির হিসাব লিপিবদ্ধ করতে হবে;
- (ছ) এ ছুটি ভোগের ক্ষেত্রে বিএসআর পার্ট-১ এর বিধি-২৩৪ এর পরিশিষ্ট ৮ এর ক্লজ ৩৪ নং বিধান প্রযোজ্য হবে এবং
- (জ) অনুমোদিত বহির্বাংলাদেশ ছুটি ব্যতিত অতিরিক্ত ছুটি ভোগ করলে বিধি মোতাবেক তাঁর বেতন কর্তন করা হবে।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা সেনানিবাস।


২৪.৪.২৪
(আসমা মোজাম্মেল)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন : ৮৭১৫৬৯৫
E-mail: adadmn@dmlc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। ইমিগ্রেশন অফিসার
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/
ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট।
- ২। পিএ টু ডিজি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস।
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৩। জনাব মোঃ আব্দুর রহমান
খাদেম
ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ
ঢাকা সেনানিবাস।